



## হত্যাচেষ্টার মামলায় সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরীর জামিন



ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জাকির হোসাইন আদালত রবিবার ড. শিরীন শারমিন চৌধুরীর জামিন মঞ্জুর করেন। ছবি: ভিডিও থেকে নেওয়া

জুলাই আন্দোলনে হত্যাচেষ্টার অভিযোগে করা মামলায় গ্রেপ্তার সাবেক স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর জামিন মঞ্জুর করেছেন আদালত।

রবিবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জাকির হোসাইন শুনানি শেষে ৫০ হাজার টাকার মুচলেকায় তার জামিন অনুমোদন দেন।

আসামিপক্ষের আইনজীবী হামিদুল মিসবাহ জামিনের পক্ষে যুক্তি তুলে ধরেন, অন্যদিকে রাষ্ট্রপক্ষের আইনজীবী ওমর ফারুক ফারুকী এর বিরোধিতা করেন। উভয় পক্ষের বক্তব্য শুনে আদালত এ সিদ্ধান্ত দেন।

এর আগে, গত মঙ্গলবার রাজধানীর ধানমন্ডি এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। পরে আদালতে হাজির করা হলে রিমাড ও জামিন আবেদন খারিজ করে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছিল।

মামলার বিবরণ অনুযায়ী, ২০২৪ সালের ১৮ জুলাই বিকেলে আজমপুর বাসস্ট্যান্ড এলাকায় আন্দোলনের সময় সশস্ত্র হামলার ঘটনা ঘটে। এতে গুলিবিদ্ধ হন আশরাফুল ওরফে ফাহিম, যার চোখে গুলি লাগে এবং পরে তিনি বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নেন।

এ ঘটনায় ভুক্তভোগী আশরাফুল গত বছরের ১৭ জুলাই একটি মামলা দায়ের করেন, যেখানে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১৩০ জনের নাম উল্লেখ করা হয় এবং অজ্ঞাত আরও শতাধিক ব্যক্তিকে আসামি করা হয়। ওই মামলায় ড. শিরীন শারমিন চৌধুরীকে ৩ নম্বর আসামি হিসেবে উল্লেখ করা হয়েছে।